সংবাদ

007

তারিখ 28 JUN 1985
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 6 ...



রাজধানীর হাবিবুল্লাহ বাহার কলেজ পরীক্ষা কেন্দ্রে ---- । —সংবাদ

# এইচ, এস, সি পরীক্ষা শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল বৃহস্পতিবার থেকে দেশের ৪টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে উচ্চ মাধ্যমিক পরীক্ষা (এইচ, এস, সি) শুরু হয়েছে। মোট ৪৮৭টি পরীক্ষা কেন্দ্রে সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণের জন্য পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। দেশের বাইরে ঢাকা বোর্ডের অধীন ৫টি কেন্দ্র রয়েছে। কেন্দ্রগুলো হচ্ছে: রাচী, কলম্বো, জেদ্দা, রাসকাট ও কুয়েত।

চট্টগ্রাম থেকে আমাদের প্রতিনিধি জানিয়েছেন, বন্দরনগরী চট্টগ্রামে মোট ১০টি কেন্দ্রে পরীক্ষার্থীরা শান্তিপূর্ণভাবে গতকাল পরীক্ষা দিয়েছে। কোথাও কোন প্রকার গোলযোগের খবর পাওয়া যায়নি। কাউকে বহিষ্কার করাও হয়নি।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## এইচ,এস,সি পরীক্ষা

(১ম পাতার পর)

রাজধানী ঢাকায় মোট ২৩টি কেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা হচ্ছে। গতকালের পরীক্ষায় ঢাকা মহানগরীর ৪টি কলেজ থেকে নকল করার অভিযোগে ৪ জন ছাত্রকে বহিষ্কার করা হয়েছে। নারায়ণগঞ্জ জেলার মুড়াপাড়া কলেজ থেকে একই অভিযোগে আরো ২ জনকে বহিষ্কার করা হয়েছে বলে ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক জানিয়েছেন। দেশের অন্যান্য স্থান থেকে বহিষ্কার বা গোলযোগের কোন সংবাদ এ রিপোর্ট লেখা পর্যন্ত পাওয়া যায়নি।